



স্বরাষ্ট্রমন্ত্রীর হস্তক্ষেপে কোরবানি দিচ্ছে না ‘ডোনাল্ড ট্রাম্পকে’



ছবি: সংগৃহীত

ভাইরাল অ্যালবিনো জাতের মহিষ ‘ডোনাল্ড ট্রাম্প’কে শেষ পর্যন্ত কোরবানি দেওয়া হচ্ছে না। স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের উদ্যোগে মহিষটি ফ্রেতার কাছ থেকে ফিরিয়ে এনে পুনরায় নারায়ণগঞ্জের খামারে রাখা হয়েছে। বিশেষ আকৃতির ও ব্যতিক্রমধর্মী গঠনের কারণে সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচনায় আসে ‘ডোনাল্ড ট্রাম্প’ নামের এই মহিষটি। কোরবানির জন্য বিক্রি করা হলেও পরে বিষয়টি নিয়ে ব্যাপক আগ্রহ ও আলোচনা তৈরি হয়। পরবর্তীতে স্বরাষ্ট্রমন্ত্রীর হস্তক্ষেপে মহিষটিকে আর কোরবানি না দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। পরে সেটিকে নিরাপদে খামারে ফিরিয়ে নেওয়া হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

LENS ASIA